

া সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৭০৪

٩. यन गलाता সूमिष्ठ উপদেশমালা (كِتَابُ الرَّقَائِق)

পরিচ্ছেদঃ মানুষ দুনিয়া থেকে মুক্ত থাকবে এবং দুনিয়ার সেই পরিমাণ সম্পদ গ্রহণ করবে, যা একজন মুসাফির পাথেয় হিসেবে গ্রহণ করে থাকে

ذِكْرُ الْأُمْرِ بِالتَّخَلِّي عَنِ الدُّنْيَا وَالِاقْتِنَاعِ مِنْهَا بِمَا يُقِيمُ أَوَدَ الْمُسَافِرِ فِي رِحْلَتِهِ

আরবী

704 ـ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ الْحَسَنِ بْنِ قُتَيْبَةَ حَدَّثَنَا يَزِيدُ بْنُ مَوْهَبِ الرَّمْلِيُّ حَدَّثَنَا ابْنُ وَهْبٍ عن أبي هانى الْخُبَرنِي أَبُو عَبْدِ الرَّحْمَنِ الْحُبُلِيُّ عَنْ عَامِرِ بْنِ عَبْدِ اللَّهِ: أَنَّ سَلْمَانَ الْخَيْرَ حِينَ حَضَرَهُ الْمَوْتُ عَرَفُوا مِنْهُ بَعْضَ الْجَزَعِ قَالُوا: مَا يُجْزِعُكَ يَا أَبَا عَبْدِ اللَّهِ وَقَدْ كَانَتْ لَكَ سَابِقَةٌ فِي الْخَيْرِ شَهِدْتَ مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَغَازِيَ حَسَنَةً وَفُتُوحًا عِظَامًا؟

قَالَ: يُجْزِعُنِي أَنَّ حَبِيبَنَا صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ حِينَ فَارَقَنَا عَهِدَ إِلَيْنَا قَالَ: (لِيَكْفِ الْيَوْمَ مِنْكُمْ كَزَاد الرَّاكِب)

فَهَذَا الَّذِي أَجْزَعَنِي فَجُمِعَ مَالُ سَلْمَانَ فَكَانَ قيمته خمسة عشر درهماً.

قَالَ أَبُو حَاتِمٍ: عَامِرٌ هَذَا: هُوَ عَامِرُ بْنُ عَبْدِ قَيْسٍ وَسَلْمَانُ الْخَيْرُ هُوَ سَلْمَانُ الْفَارِسِيُّ. الراوي: عَامِر بْن عَبْد اللَّهِ المحدث: العلامة ناصر الدين الألباني المصدر:

التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 704 ا خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৭০৪. আমির বিন আব্দুল্লাহ থেকে বর্ণিত, তিনি বলেন, "যখন সালমান আল খাইর রাদ্বিয়াল্লাহু তা'আলা আনহুর কাছে মৃত্যু উপনীত হলো, তখন লোকজন তাঁর মাঝে অস্থিরতা বুঝতে পারলেন। তারা তাঁকে জিজ্ঞেস করলেন, "হে আবু আব্দুল্লাহ, কল্যাণের কাজে তো অগ্রগামিতা ছিল; আপনি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সাথে অনেক ভালো ভালো যুদ্ধ ও বড় বড় বিজয়াভিযানে উপস্থিত ছিলেন" জবাবে তিনি বলেন, "আমাকে অস্থির করে তুলছে এই ব্যাপারটি যে, আমাদের প্রিয় নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যখন আমাদের থেকে চিরবিদায়



নেন, তখন তিনি আমাদের থেকে অঙ্গিকার নিয়েছিলেন: "আজ তোমাদের যেন এতোটুকু সম্পদ যথেষ্ট হয়, যা একজন মুসাফির আরোহী ব্যক্তি গ্রহণ করে থাকে।" এই ব্যাপারটিই আমাকে অস্থির করে তুলছে। "অতঃপর সালমান রাদ্বিয়াল্লাহু তা'আলা আনহুর সম্পদ একত্রিত করা হলো অতঃপর দেখা গেলো তাঁর সম্পদের মুল্য মাত্র পনের দিরহাম সমপরিমাণ!"[1]

আবু হাতিম ইবনু হিবান রহিমাহুল্লাহ বলেন, "এখানে রাবী 'আমের' দ্বারা উদ্দেশ্য হলো আমের বিন আব্দু কাইস, আর সালমান আল খাইর দ্বারা উদ্দেশ্য হলো সালমান আল ফারেসী রাদ্য়িল্লাহু তা'আলা আনহু।"

ফুটনোট

[1] তাবারানী, আল কাবীর: ১৮২; হিলিইয়াতুল আওলিয়া: ১/১৯৭; ইবনু মাজাহ: ৪১০৪; মুসান্নাফ আব্দুর রাযযাক: ২০৬৩২; মুসনাদ আহমাদ: ৫/৪৩৮; মুসনাদুশ শিহাব: ৭২৮।

আল্লামা শু'আইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আস সহীহাহ: ১৭১৬।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আমির ইবন আবদুল্লাহ্ (রহঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন